



E-mail: bagerhatmuseum@yahoo.com

নথি নং-৪৩.২৩.০১০৮.১৪০.৬৮.০৫১.১৯.৩৩৮

বাগেরহাট, তারিখঃ ২৪.৯.২০২০ইং।

**টয়লেট ব্লক ইজারা/দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালক, খুলনার পত্র নং ৪৩.২৩.৪৭৮৫.০০০.৩২.০২৪.১৯.৩৩৩, খুলনা, তারিখঃ ১২.০৭.২০২০খ্রিঃ মোতাবেক ঐতিহাসিক ঘোড়াদিঘীর দক্ষিণপাড়ে টয়লেট ব্লক (পুরুষ ও মহিলা) এবং এন্ট্রিকমপ্লেক্সের টয়লেট ব্লক (পুরুষ ও মহিলা) পরিষ্কার পরিচ্ছন্ন রাখার স্বার্থে বিধিমোতাবেক ০১(এক) বছরের (৩০ জুন, ২০২১খ্রিঃ পর্যন্ত) জন্য নিম্নবর্ণিত শর্তাবলী/নীতিমালা সাপেক্ষে ইজারা দেয়ার নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তির নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র আগামী ৬.১০.২০২০খ্রিঃ তারিখে রোজ মঙ্গলবার বাগেরহাট জাদুঘর অফিস চলাকালীন সময়ে বেলা ১১.২০ মিনিট পর্যন্ত সংগ্রহ করা যাবে এবং বেলা ১১.৩০মিনিটের মধ্যে ইজারা/দরপত্র বাক্সে দরপত্র জমা প্রদান করতে হবে। দরপত্র একই দিন বেলা ১১.৪৫মিনিটে উপস্থিত দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

**শর্তাবলী/নীতিমালাঃ**

- ১। ইজারায় অংশগ্রহণকারী ব্যক্তি কে উদ্ধৃত দরের শতকরা ১৫% ফেরত যোগ্য নিরাপত্তা জামানত কাস্টোডিয়ান, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাগেরহাট জাদুঘর, বাগেরহাট এর অনুকূলে ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ২। প্রস্তাবের জন্য টাঃ ৩.০০(তিন টাকা মাত্র) এবং পায়খানার জন্য টাঃ ৫.০০ (পাঁচ টাকা মাত্র)। উক্ত টাকার জন্য ইজারাদার নিজ দায়িত্বে সাইনবোর্ড তৈরী করে ঐতিহাসিক ঘোড়াদিঘীর দক্ষিণপাড়ে টয়লেট ব্লক (পুরুষ ও মহিলা) এবং এন্ট্রিকমপ্লেক্সের টয়লেট ব্লকের (পুরুষ ও মহিলা) সামনে প্রদর্শন করতে হবে এবং পুরুষ ও মহিলা লিখে দিতে হবে। সাইনবোর্ড প্রদর্শন করার পর টয়লেটের চাবি সরবরাহ করা হবে।
- ৩। কোন ক্রেমেই নির্ধারিত হারের অতিরিক্ত টাকা আদায় করা যাবে না।
- ৪। পাঁচ ওয়াক্ত নামাজের ১৫মিনিট পূর্বে অবশ্যই এন্ট্রিকমপ্লেক্সের টয়লেট ব্লক (পুরুষ ও মহিলা) মুসল্লিদের জন্য উন্মুক্ত রাখতে হবে। এ সময়ে টয়লেট ব্যবহারকারী মুসল্লিদের নিকট থেকে কোনরূপ অর্থ আদায় করা যাবেনা।
- ৫। এই ইজারা ডাকের মেয়াদ ইজারার কার্যাদেশ প্রাপ্তির দিন হতে ৩০ জুন, ২০২১খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে।
- ৬। সর্বোচ্চ ডাককারীকে ১৫% ভ্যাট ও ৩% আয়কর প্রদানসহ সমুদয় অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে।
- ৭। গণশৌচাগারের সংশ্লিষ্ট সকল মালামাল ইজারা গ্রহণকারীকে নিজ দায়িত্বে হেফাজত করতে হবে। নষ্ট বা হারিয়ে গেলে, বিনষ্ট হলে ক্ষতিপূরণ প্রদেয়।
- ৮। ইজারা ডাকে সর্বোচ্চ ডাককারীকে তার ডাকের ২০% টাকা হারে তাৎক্ষণিক অফিসে জমা দিতে হবে। ডাক মঞ্জুরীর পর ভ্যাটসহ ডাকের সমুদয় টাঃ ৭(সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
- ৯। প্রতি মাসের ০১ হতে ০৫ তারিখের মধ্যে বাণিজ্যিক ইউনিট হারে ঐতিহাসিক ঘোড়াদিঘীর দক্ষিণপাড়ে টয়লেট ব্লক (পুরুষ ও মহিলা) এবং এন্ট্রিকমপ্লেক্সের টয়লেট ব্লকের (পুরুষ ও মহিলা) বিদ্যুৎ বিল চালানের মাধ্যমে পরিশোধ করে চালানের কপি অফিস কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
- ১০। উক্ত মেয়াদ শেষ হওয়ার ১২ ঘন্টা পূর্বেই টয়লেটের চাবি যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে।
- ১১। গণশৌচাগার নিজ দায়িত্বে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। গণশৌচাগারের আশেপাশে কোন প্রকার দোকান বা স্থাপনা রাখা যাবে না এবং গণশৌচাগারের ভিতরে সকল প্রকার অনৈতিক কাজ থেকে বিরত রাখতে হবে।
- ১২। টয়লেট সমূহে টয়লেট সামগ্রী ও পরিচ্ছন্নতার উপকরণ ব্যতীত কোন কিছু রাখা যাবে না।
- ১৩। এন্ট্রিকমপ্লেক্স ও ঘোড়াদিঘীর দক্ষিণপাড়ে টয়লেট ব্লক একযোগে চালু রাখতে হবে। কোন অজুহাত দেখিয়ে টয়লেটগুলো বন্ধ রাখা যাবে না।
- ১৪। ইজারা গ্রহণকারী কেবল বিধিমোতাবেক টয়লেট ইজারা পরিচালনা করবেন। বিশেষ সম্পর্কের সূত্রধরে ইজারা গ্রহণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সাইট/জাদুঘরে প্রবেশ করতে পারবেনা।
- ১৫। ঐতিহাসিক ঘোড়াদিঘীর দক্ষিণপাড়ে টয়লেট ব্লক (পুরুষ ও মহিলা) এবং এন্ট্রিকমপ্লেক্সের টয়লেট ব্লক (পুরুষ ও মহিলা) সকাল ৬টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত প্রতিদিন ২ঘন্টা পর পর নিজ দায়িত্বে প্রয়োজনীয় উপকরণ ব্যবহার করে পরিষ্কার পরিচ্ছন্নতার সাথে শৌচাগার খোলা রাখতে হবে। উক্ত সময়সীমার মধ্যে কোন অবস্থাতেই উভয় টয়লেট কমপ্লেক্স বন্ধ রাখা এবং নির্ধারিত সময় সীমার পর বিনানুমতিতে খোলা রাখাও যাবেনা।
- ১৬। টয়লেট সংলগ্ন এলাকার আশপাশ, সিরামিকের পাখাওয়ায়ে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- ১৭। ইজারা কমিটি ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ দরদাতা দর গ্রহণ করতঃ ডাকের মূল্য ব্যতিত সিকিউরিটি মানি হিসেবে দরদাতার জমাকৃত ব্যাংক ড্রাফট টি অফিসে জমা রাখা হবে। মেয়াদ শেষে উক্ত ব্যাংক ড্রাফট টি অবমুক্ত করে প্রদান করা হবে। তবে, শৌচাগারের সরকারি কোন মালামালের ক্ষয়ক্ষতি এবং বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি জামানতে থেকে প্রয়োজনে সমন্বয় করা হবে।
- ১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল ইজারা গ্রহণ বা বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৯। উল্লেখিত শর্তাবলীর কোন একটি শর্ত ভঙ্গ করলে ইজারা গ্রহণকারীর ডাক বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ২০। ইজারা ডাকে গ্রহণকারী সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব অনুসরণ করে ইজারা/দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
- ২১। ইজারা ডাকে গ্রহণকারী সকল ব্যক্তি/প্রতিষ্ঠানকে মাফ পরিধান করে এবং সাবান বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

**দরপত্র সিডিউল**

ক্রঃ নং	দরপত্রদাতার নাম ও ঠিকানা	ব্যাংক ড্রাফট নম্বর	ইজারা ডাকের মূল্য	দরদাতার স্বাক্ষর ও তারিখ

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম ফেরদৌস)  
কাস্টোডিয়ান